

বিষয়: বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে জরুরী করণীয় বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব কবির বিন আনোয়ার সচিব পানি সম্পদ মন্ত্রণালয়
সভার তারিখ	:	১০ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ।
সময়	:	বেলা ১২.৩০ ঘটকা।
স্থান	:	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-‘ক’

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আসন্ন বর্ষা মৌসুমে বন্যা পরিস্থিতি মোকাবেলায় জরুরী করনীয় বিষয় নির্ধারণের লক্ষ্যে আলোচনা করা হয়। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০১। সভায় বিস্তারিত আলোচনা শেষে সচিব মহোদয় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন:

- (ক) বন্যা পরিস্থিতির সার্বক্ষণিক পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ ও উর্ক্কন কর্তৃপক্ষের দৃষ্টি গোচরে আনয়নের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে। কন্ট্রোল রুম সকাল ৯.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকবে;
- (খ) বন্যা পরিস্থিতি মোকাবেলার নিমিত্তে পানি সম্পদ মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থাসমূহের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের বৈদেশিক ভ্রমণ/ভুটি পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।
- (গ) মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ সার্বক্ষণিক কর্মসূলে উপস্থিত থাকবেন।
- (ঘ) বন্যা, অতি জোয়ার বা বৃষ্টিপাতের কারণে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় যে কোন বীধ, তীর বা কোন স্থাপনা ক্ষতিগ্রস্থ/ভেঙ্গে থাকলে জরুরীভিত্তিতে কন্ট্রোল রুম এর মাধ্যমে উর্ক্কন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ জরুরীভিত্তিতে কন্ট্রোল রুম কে অবহিত করবে।
- (ঙ) টেলিভিশন, পত্রিকা বা অন্য কোন উৎস হতে বন্যা বা অন্য কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়ার সাথে সাথে জেলা প্রশাসক ও জেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটিকে অবহিত করতে হবে। মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ ও কন্ট্রোল রুমে দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- (চ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড প্রয়োজন মোতাবেক জরুরীকালীন ব্যবহারের জন্য নৌযানের ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সহায়তায় নৌযান সংগ্রহ করবেন।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

তারিখ: ১১/০৭/২০১৯

(কবির বিন আনোয়ার)

সচিব


নং-৪২.০০.০০০০.০৩২.১৮.০৩৬.১৮- ৪৬০

তারিখ : ২৭ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ  
১১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নদী গবেষণা ইনসিটিউট, হারুকান্দি, ফরিদপুর।

- ৫। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৬। সকল কর্মকর্তা,....., পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সদস্য, ঘৌথ নদী কমিশন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৮। নির্বাহী পরিচালক, আইডিলিউএম, মহাখালী, ঢাকা।
- ৯। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।
- ১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

  
(কাজি মো: আব্দুর রহমান)  
উপসচিব  
ফোন: ৯৫৪০৭০১